

Bengali A: literature – Standard level – Paper 2
Bengali A : littérature – Niveau moyen – Épreuve 2
Bengali A: literatura – Nivel medio – Prueba 2

Thursday 5 May 2016 (afternoon)

Jeudi 5 mai 2016 (après-midi)

Jueves 5 de mayo de 2016 (tarde)

1 hour 30 minutes / 1 heure 30 minutes / 1 hora 30 minutos

Instructions to candidates

- Do not open this examination paper until instructed to do so.
- Answer one essay question only. You must base your answer on at least two of the part 3 works you have studied and compare and contrast these works in response to the question. Answers which are not based on a discussion of at least two part 3 works will not score high marks.
- You are not permitted to bring copies of the works you have studied into the examination room.
- The maximum mark for this examination paper is **[25 marks]**.

Instructions destinées aux candidats

- N'ouvrez pas cette épreuve avant d'y être autorisé(e).
- Traitez un seul sujet de composition. En basant votre réponse sur au moins deux des œuvres de la troisième partie que vous avez étudiées, vous devez comparer et opposer ces œuvres dans le cadre du sujet. Les réponses qui ne sont pas basées sur au moins deux des œuvres de la troisième partie n'obtiendront pas une note élevée.
- Vous n'êtes pas autorisé(e) à apporter des exemplaires des œuvres que vous avez étudiées dans la salle d'examen.
- Le nombre maximum de points pour cette épreuve d'examen est de **[25 points]**.

Instrucciones para los alumnos

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Conteste una sola pregunta de redacción. Base su respuesta en al menos dos de las obras estudiadas de la parte 3, comparándolas y contrastándolas en relación con la pregunta. Las respuestas que no se basen en al menos dos obras de la parte 3 no recibirán una puntuación alta.
- No está permitido traer copias de las obras estudiadas a la sala de examen.
- La puntuación máxima para esta prueba de examen es **[25 puntos]**.

যে কোন একটি প্রশ্নের উত্তর দিন। উত্তরটি আপনার পড়া তৃতীয় ভাগের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে দুটি রচনার উপর ভিত্তি করে দিতেই হবে এবং উত্তরটি সেই রচনা দুটির তুলনামূলক ও বিপরীতধর্মী আলোচনার মাধ্যমে দিতে হবে। যদি উত্তর তৃতীয় অংশের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে দুটি রচনার আলোচনার উপর ভিত্তি করে না দেওয়া হয় তবে ভাল মার্কস পাওয়া যাবে না।

কবিতা

1. কবির কীভাবে কবিতায় সাহিত্যিক কৌশল, যেমন পুনরাবৃত্তি, রূপক এবং উপমার মাধ্যমে নাগরিক জীবন ও গ্রামীণ জীবনের মধ্যকার সংঘাত গড়ে তোলেন, তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও।
2. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও কবির কোন কোন বিশেষ মৌখিক শৈলী যেমন শব্দ চয়ন, ছন্দ, ছন্দবিভাগ এবং বাক্যের গঠন ইত্যাদি ব্যবহারের মাধ্যমে তাঁদের মনোভাব প্রকাশ করেছেন এবং তাতে তাঁরা কতটা সফল।
3. কবির তাঁদের কবিতায় কীভাবে কল্পিত এবং / অথবা অতিপ্রাকৃত বিষয়বস্তু উপস্থাপিত করেন তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতার তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও।

উপন্যাস

4. “আত্মপরিচয় পরিবর্তনশীল: একটি প্রক্রিয়া, কোন বিষয়বস্তু নয়; হয়ে ওঠা, হওয়া নয়।” এই উক্তির আলোকে প্রধান চরিত্রের আত্মপরিচয়ের অনুসন্ধান যেভাবে ঔপন্যাসিক গড়ে তোলেন তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ঔপন্যাসিকের লেখা দুটি উপন্যাসের তুলনামূলক আলোচনা করে দেখাও।
5. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ঔপন্যাসিকের লেখা দুটি উপন্যাসে ঔপন্যাসিক স্বপ্ন বা দুঃস্বপ্নকে যেভাবে একটি গুরুত্বপূর্ণ সাহিত্যিক শৈলী হিসাবে ব্যবহার করেছেন, তার একটি তুলনামূলক আলোচনা কর।
6. মহিলাদের প্রতি তদানীন্তন সমাজের দৃষ্টিভঙ্গী এবং সেই দৃষ্টিভঙ্গীর প্রতি লেখকের যে মনোভাব তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ঔপন্যাসিকের লেখা দুটি উপন্যাসে প্রতিফলিত হয়েছে তার একটি তুলনামূলক আলোচনা কর।

ছোটগল্প

7. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন গল্পকারের দুটি ছোটগল্পের তুলনামূলকভাবে আলোচনা করে দেখাও লেখক কোন কোন বিশেষ সাহিত্যিক কৌশল ব্যবহার করে গল্পে দ্বন্দ্ব বা টানাপোড়েন গড়ে তোলেন এবং সেই সাহিত্যিক কৌশলগুলি কিভাবে ছোটগল্পকে সফল করে তুলতে সাহায্য করে।
8. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন গল্পকারের দুটি ছোটগল্পের তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও গল্পকার কিভাবে বিভিন্ন ধরনের ভাষণের মাধ্যমে তাঁর বক্তব্যকে সফলভাবে উপস্থাপিত করেন।
9. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন গল্পকারের দুটি ছোটগল্পের গল্পকার যেভাবে তাঁদের উদ্দেশ্যপূরণ করার জন্য গল্পের কাহিনীসূত্রকে (প্লট) চালনা (ম্যানিপুলেট) করেন তার তুলনামূলক আলোচনা কর ও দেখাও তাতে তাঁরা কতটা সফল।

প্রবন্ধ

10. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের তুলনা করে দেখাও প্রবন্ধকার কিভাবে সেখানে বিতর্কমূলক আলোচনার মাধ্যমে তাঁর সামাজিক বা রাজনৈতিক বক্তব্য সফলভাবে প্রতিষ্ঠা করেন।
11. প্রবন্ধকার তাঁর বিষয়বস্তুকে সফলভাবে তুলে ধরার জন্য কিভাবে ব্যঙ্গ, শ্লেষ, হাস্য বা কৌতুকরস ব্যবহার করেন, তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের প্রেক্ষিতে তার একটি তুলনামূলক আলোচনা কর।
12. বিষয়বস্তু বা ঘটনার বর্ণনা ও তার পুঞ্জাণুপুঞ্জ বিশ্লেষণের মাধ্যমে প্রবন্ধকার তাঁর বক্তব্যকে কিভাবে তাঁর পাঠকদের কাছে সফলভাবে উপস্থাপিত করেন তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও।